

2017

BENGALI
(Major)

Paper : 4.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'আ', 'ই', 'ও'—এর মধ্যে অর্ধ-সংবৃত স্বরধ্বনি কোনটি ?
- (খ) 'ক', 'শ', 'ম'—এর মধ্যে স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি কোনটি ?
- (গ) প্রগত স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।
- (ঘ) ভক্তি > ভকতি—কোন ধরনের ধ্বনি-পরিবর্তন ?
- (ঙ) সমাক্ষরলোপ-এর যে কোনো একটি উদাহরণ দাও।
- (চ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'আনন্দ' শব্দের মাত্রা কত ?
- (ছ) ছন্দের আলোচনায় 'লয়' কত প্রকার ?

(জ) 'স্বাসাঘাতপ্রধান ছন্দ'-এর অন্য যে কোনো একটি নাম উল্লেখ করো।

(ঝ) "সন্ধ্যামুখের সৌরভী ভাষা,
বন্ধ্যাবুকের গৌরবী আশা।"

কোন অলংকারের উদাহরণ ?

(ঞ) "বিরতি আহরে রান্দা বাস পরে যেমতি যোগিনী পারা"

এই উপমা অলংকারের তুলনাবাচক শব্দ নির্ণয় করো।

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) বাংলার দুটি দ্বি-স্বরধ্বনির উদাহরণ দাও।

(খ) নিম্নলিখিত ধ্বনি-পরিবর্তনের সূত্র উল্লেখ করো :

(১) অলাবু > লাউ

(২) রাঁধনা > রান্না

(গ) অর্থসহ বাংলায় ব্যবহৃত যে কোনো দুটি সমরূপ শব্দের উদাহরণ দাও।

(ঘ) "শব্দালংকার এবং অর্থালংকারের পার্থক্য নির্ণীত হয় একটি মাত্র আদর্শে।" এই আদর্শটি কী ?

(ঙ) উদাহরণসহ 'উপমান' কাকে বলা হয়, লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে মূর্ধনীভবন ও স্বতো-
মূর্ধনীভবনের পার্থক্য আলোচনা করো।

(খ) টীকা লেখো (যে কোনো দুটি) :

প্রগত সমীভবন; নাসিকীভবন; অঘোষীভবন;
উদ্গীভবন ।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা ।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

“ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা
জীবনের জয়গান ।”

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

কবিতা, তোমাকে দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা-চাঁদ যেন বলসানো রুটি ।

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

ভাঙছো প্রদেশ ভাঙছো জেলা জমিজমা ঘরবাড়ি
পাটের আড়ৎ ধানের গোলা কারখানা আর রেলগাড়ি ।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে পর্যায়ক্রমে
বাংলা ভাষার উদ্ভব হয়েছিল, সে সম্পর্কে যুক্তিসহ
আলোচনা করো ।

- (খ) কাল নির্দেশ করে নব্য-বাংলার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (গ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের ত্রিধারার অন্তর্গত যে কোনো দুটি ধারার পরিচয় দাও।
- (ঘ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত বিদেশী শব্দ সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।
- ৫। (ক) বাংলা অলংকারের আলোচনায় শব্দালংকার কত প্রকার ও কী কী? তোমার পঠিত যে কোনো দুটি শব্দালংকারের পরিচয় দাও। ১০

অথবা

- (খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও : ১০
- (১) শ্লেষ ও যমক
- (২) উপমা ও রূপক
- (৩) সমাসোক্তি ও অতিশয়োক্তি
- ৬। (ক) তানপ্রধান ছন্দে অক্ষরের শোষণশক্তি বলতে কী বোঝায়? উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা

- (খ) ধ্বনিপ্রধান ছন্দ বলতে কী বোঝায়? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

★★★